যুগান্তর

তারিখ ... 24 APR 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

অধ্যক্ষদের চিঠি মন্ত্রণালয়ের

# ২৮৫ সরকারি কলেজের দলিল হস্তান্তরের নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

বিভিন্ন সময়ে জাতীয়করণ হওয়া ২৮৫ কলেজের 'দান দলিল' সরকারের কাছে হস্তান্তরের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। নির্দেশনা বাস্তবায়নের জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি), বিভিন্ন জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের কাছে বৃহস্পতিবার চিঠি পাঠানো হয়েছে।

মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থাবর-অস্থাবর সম্পত্তি বর্তমানে 'কলেজের নামে আছে। প্রতিষ্ঠান সরকারি হলে তার সম্পদ সরকার বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবের নামে করতে হয়। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবের নামে কলেজের সম্পদের 'দানপত্র দলিল' হস্তান্তর করতে হবে।

এ প্রসঙ্গে মাউশি পরিচালক অধ্যাপক শামসুল হুদা বলেন, 'মন্ত্রণালয়ের চিঠি আমরা বৃহস্পতিবার বিকালে পেয়েছি। সে কারণে ওইদিন ব্যবস্থা নেয়া সম্ভব হয়নি। রোববার তা সংশ্লিষ্ট কলেজগুলোয় পাঠানো হয়েছে।'

বর্তমানে দেশে সরকারি স্কুল ও কলেজ আছে যথাক্রমে ৩৩০ ও ৩৩৫টি। শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৫ সালের প্রতিবেদন অনুযায়ী, সরকারি স্কুল ও কলেজ নেই দেশে এমন উপজেলা যথাক্রমে ৩২১ এবং ৪৪৬টি। পরে কয়েক দফায় ২৯৬টি কলেজ ও ১২৩টি হাইস্কুল সরকারি করার ব্যাপারে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## ২৮৫ সরকারি

(৩য় পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রী নীতিগত সিদ্ধান্ত দেন। অবশ্য এর মধ্যে ৫টি কলেজ এবং ৭টি হাইস্কুলের ব্যাপারে সিদ্ধান্ত পরে স্থগিত করা হয়। সে হিসাবে ২৯১টি কলেজ ও ১১৬টি হাইস্কুলের পরিদর্শনের নির্দেশনা পায় মাউশি। এর মধ্যে ২৭৬টি কলেজ ও ৪৮টি হাইস্কুলের ব্যয় নির্বাহের জন্য অর্থ মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়। কিন্তু অর্থ মন্ত্রণালয় প্রতি অর্থবছর সর্বোচ্চ ১০০ শিক্ষাপ্রতিষ্ঠান চূড়ান্তভাবে সরকারি করার ব্যাপারে সম্মতি দিয়েছে। এ কারণে নতুন করে প্রতিষ্ঠান জাতীয়করণ প্রক্রিয়া ঝুলে গেছে। তবে এ অবস্থার মধ্যেও শিক্ষা মন্ত্রণালয় জাতীয়করণের কাজ এগিয়ে নিতে চাচ্ছে বলে মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর